



অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মেসার্স দেবশীষ ট্রেডার্স, প্রোপাইটারঃ জনাব পরাগ গাইন, পিতাঃ জনাব নিতাই গাইন, মাতাঃ বর্না রানী রায়, ব্যবসায়িক ঠিকানাঃ দাউনিয়াফাদ, জলমা, বটিয়াঘাটা, খুলনা। স্থায়ী ঠিকানাঃ গাইন বাড়ী, দাউনিয়াফাদ, জলমা, বটিয়াঘাটা, খুলনা। মোবাইল নংঃ০১৭১১-২১৮৪৩৯

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১.১২.২০২৩ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৩৭,৫৮,২০৬/-টাকা (কথায় সাঁইত্রিশ লক্ষ আটান্ন হাজার দুইশত ছয় টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমহোরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা: খুলনা, থানা ও সাব-রেজিঃ অফিসঃ বটিয়াঘাটা, মৌজা: ছয়ঘড়িয়া, জে. এল. নং- ০৭, সি. এস. খতিয়ান নং- ২০২, এস. এ. খতিয়ান নং- ৩৫৭, আরএস/ডিপি খতিয়ান নং- ২৯০, পৃথক খতিয়ান নং- ১০৭২, এবং দাগ নং সিএস ও এসএ-২৪৪৯, আরএস/ডিপি-৩৭১৬, জমির মালিকঃ জনাব নিতাই গাইন, মোট জমির পরিমাণ: ৪৩.৭৫ শতক।

০৮/০৩/২০২৪

শর্ত সমূহ :

- আগামী তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, খুলনা কর্পোরেট শাখা, খুলনায় রক্ষিত দরপত্র বাঞ্ছ জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছ খোলা হইবে। দরখাস্ত সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখায় পৌঁছাইতে হইবে।
- দরপত্র সীলমহোরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রের দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।
- দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

	আর্নেস্ট মানি/ জামানতের পরিমাণ	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

- দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহৃত হইবার পর ৩নং অনুচ্ছেদ নির্ধারিত সময়ের মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবিকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- দরপত্রে উল্লেখিত তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
- দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তর/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
- ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/সায়তুশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
- দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
- নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(স্বাক্ষর আল আমুন)
ডেপুটি জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি.
খুলনা কর্পোরেট শাখা
খুলনা।

স্বাক্ষর: ডেপুটি জেনারেল ম্যানেজার, ০৮/০৩/২০২৪